

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির জুন-২০১৮ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ দেলওয়ার হায়দার পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	:	১৯/০৬/২০১৮ খ্রিঃ।
সময়	:	১০:০০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা	:	পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ২৩/০৫/২০১৮ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জনবল মঞ্জুরি	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগপূর্বক জনবল মঞ্জুরির কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্নকরণের জন্য নিয়মিত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
২.	নিয়োগবিধি	সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নিয়োগ বিধিমালার বিদ্যমান সমস্যাবলী চিহ্নিতপূর্বক পর্যায়ক্রমে-সংশোধনের প্রত্যাব প্রেরণপূর্বক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে নিয়োগ বিধিমালা সংশোধনের কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এসএসও শাহজাহান শিকদার
৩.	অর্গানোগ্রাম সংশোধন এবং টিওএন্ডই হালনাগাদকরণ	অধিদপ্তরের অর্গানোগ্রাম হালনাগাদকরণের লক্ষ্যে গঠিত কমিটি অতিরিক্ত সচিব (অনি অনুবিভাগ) মহোদয়ের নির্দেশনা মোতাবেক দ্রুত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রত্যেক সভায় এ বিষয়ে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।	উপপরিচালক (অ্যান্ডুলেপ)
৪.	প্রশিক্ষণ মডিউল হালনাগাদকরণ	ফায়ার সেফটি সেলের প্রশিক্ষণ মডিউল হালনাগাদ কার্যক্রম সম্পন্ন করে আগামী মাসের সভায় উপস্থাপন করতে হবে।	ডিএডি (ফাঃ সেঃ সেল)
৫.	অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদান	অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য আইসিটি সেলের সহযোগিতায় ফায়ার লাইসেন্স অনলাইনে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	ডিডি ও এডি (সংশ্লিষ্ট)
৬.	ফায়ার লাইসেন্স সংখ্যা ও মাসুল আদায় বৃদ্ধি	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ওয়ারহাউজ ও ওয়ার্কশপের ফায়ার লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাসুল আদায় বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ডিডি ও এডি (সংশ্লিষ্ট)
৭.	ই-ফাইলিং কার্যক্রম	অধিদপ্তরের সকল শাখায় ই ফাইলিং চালু করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ই ফাইলিং এর লক্ষ্যমাত্রা অর্জন করতে সকলকে আরো সচেষ্ট হতে হবে।	সংশ্লিষ্ট সকল
৮.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার পরিবীক্ষণ জোরদারকরণ	২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যেসব লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। সে লক্ষ্যে প্রতি মাসে প্রত্যেক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার সার্বিক বিষয় নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল

৯.	সেবা সহজীকরণ	২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের তিনটি সেবা সহজীকরণের লক্ষ্যে গঠিত কমিটি প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাইপূর্বক দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।	উপপরিচালক (অ্যাঙ্কুলেপ্স)
১০.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রেরণ	নির্ধারিত সময়ের মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের এপিএ-র ত্রৈমাসিক প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া ২০১৮-২০১৯ অর্থবছরের মাঠপর্যায়ে সম্পাদনকৃত এপিএ সংগ্রহ করতে হবে।	ওঃ হাঃ ইন্সঃ হিরন

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ দেলওয়ার হায়দার
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.১৫.১৬৫.১৭-

৫৬৪২(৬৭)

তারিখঃ ২২ জুন, ২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (অপাঃ ও মেইনঃ/ পঃউঃপ্রঃ/ প্রকল্প-২৫/ প্রকল্প-৭৮/ প্রকল্প-১৫৬/ মডার্নাইজেশন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক(প্রশাঃ ও অর্থ/ অপাঃ ও মেইনঃ/পরিঃ ও কোষ/ অ্যাঙ্কুলেপ্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ ক্রয় ও স্টোর/ ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/ অপাঃ ও মেইনঃ/ প্রশিক্ষণ/ উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক (রিফর্ম সেল/ফায়ার সেফটি সেল/ওঃ হাঃ ও প্রিঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা-১/২/৩/৪/৫/৬।
১০. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. আইসিটি সেল, অত্র অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

শামীম আহম্মদ বিশ্বাসী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)